# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৩৬

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - জিয্‌ইয়াহ্-এর বর্ণনা

## আরবী

عَنْ مُعَاذٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا وَجَّهَهُ إِلَى الْيَمَنِ أَمْرَهُ أَنْ يَأْخُذَ مِنْ كُلِّ حَالِمٍ يَعْنِي مُحْتَلِمٍ دِينَارًا أَوْ عَدْلَهُ مِنَ الْمَعَافِرِيِّ: ثِيَابٌ تَكُونُ بِالْيمن. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪০৩৬-[২] মু’আয ইবনু জাবাল (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাঁকে ইয়ামানে (শাসনকর্তা নিযুক্ত করে) পাঠালেন, তখন প্রত্যেক (অমুসলিম) প্রাপ্তবয়স্ক হতে এক দীনার (স্বর্ণমুদ্রা) অথবা তার সমপরিমাণ ইয়ামানের তৈরি মু’আফিরী কাপড় আদায় করার নির্দেশ দিয়েছেন। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩০৩৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَمْرَه أَنْ يَأْخُذَ مِنْ كُلِّ حَالِمٍ يَعْنِىْ مُحْتَلِمٍ دِيْنَارًا أَوْ عَدْلَه مِنَ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মু‘আয -কে নির্দেশ দিয়েছিলেন তিনি যেন প্রত্যেক বালেগের নিকট থেকে এক দীনার অথবা তার সমমূল্যের মা‘আফিরী কাপড় জিয্‌ইয়াহ্ হিসেবে গ্রহণ করে।

‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ অত্র হাদীসের অর্থ থেকে বুঝা যায় যে, বালেগ পুরুষ ব্যতীত অন্য কারো নিকট থেকে জিয্‌ইয়াহ্ নেয়া যাবে না। ইবনুল হুমাম বলেনঃ নারী, শিশু ও পাগলের উপর সর্বসম্মতক্রমে জিয্‌ইয়াহ্ নেই। অনুরূপভাবে অন্ধ, বিকলাঙ্গ এবং উপার্জনে অক্ষম বৃদ্ধের ওপরও কোনো জিয্‌ইয়াহ্ নেই। (মিরকাতুল মাফাতীহ)

(دِيْنَارًا أَوْ عَدْلَه) এক দীনার অথবা তার সমপরিমাণ। তূরিবিশতী বলেনঃ عَدْلَه আইন বর্ণে যবার দিয়ে এর অর্থ তার সমপরিমাণ অন্য কোনো বস্তু। মুখতাসারুল নিহায়াহ্-এর গ্রন্থকার বলেন, আইনবর্গ যবার অথবা যের দিয়ে

عَدْلٌ ও عِدْلَ উভয়টির অর্থ সমপরিমাণ। এও বলা হয়ে থাকে যে, আইন বর্ণে যবার দিয়ে عَدْلٌ বলা হয় তখন যখন সমজাতীয় বস্তু পরিমাণে সমান হয়। আর আইন বর্ণে যের দিয়ে عِدْلٌ বলা হয় তখন যখন ভিন্ন জাতীয় বস্তু পরিমাণে সমান হয়।

খত্ত্বাবী বলেনঃ عَدْلَه অর্থাৎ এক দীনার সমমূল্যের কাপড়। (‘আওনুল মা‘বূদ ৫ম খন্ড, হাঃ ৩০৩৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মু‘আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69363

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন